কোটচাঁদপুরে উপজেলা ও পৌর বিএনপির প্রস্তুতি মূলক সভা অনুষ্ঠিত

কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে তেল,গ্যাস বিদ্যুৎ সহ দ্রব্য মূল্যের উর্ধগতি ও যুগপৎ আন্দোলনের কর্মসূচির অংশ হিসেবে আগামী ১১ ফেব্রুয়ারি ইউনিয়ন পথযাত্রা উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে মেইন বাসস্ট্যান্ড উপজেলা বিএনপি দলিও কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে ও জেলা বিএনপির শিশু বিষয়ক সম্পাদক ফারুকুল আলম শেখার সঞ্চালনায়।

প্রস্তুতি মূলক সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সহ-সভাপতি আবুবকর বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক পৌর মেয়র ও পৌর বিএনপির সভাপতি এস কে এম সালাউদ্দিন বুলবুল সিডল,উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত আলী, জেলা বিএনপির যুগ্মসাধারণ সম্পাদক ফারুক হোসেন খোকন, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম,উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক হারুন আর রশিদ, সাবেক উপজেলা বিএনপির সভাপতি নুরুজ্জামান, সাবেক সাধারন সম্পাদক ফারুক হোসেন, জেলা সহ-সাংগঠনিক সম্পাদক সাইদুর রহমান, পৌর বিএনপির সহ-সভাপতি শাহরিয়ার রহমান মামুন, সাফদারপুর ইউনিয়ন বিএনপির সভাপতি ফরিদ উদ্দিন, দোড়া ইউনিয়ন বিএনপির সভাপতি শরিফুল ইসলাম সান্টু,বলুহর ইউনিয়ন বিএনপির সভাপতি আশরাফ আলী, কুশনা ইউনিয়ন বিএনপির ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আক্তার হোসেন, এলাঙ্গী ইউনিয়ন বিএনপির সভাপতি ও সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান একরামুল হক প্রমুখ। এ সময় বক্তারা পথযাত্রা উপলক্ষে বিভিন্ন দিকনির্দেশনা মূলক বক্তব্য রাখেন।

সে সময় উপস্থিত ছিলেন উপজেলা ও পৌর বিএনপি, যুবদল, ছাত্র দল, সেচ্ছাসেবক দল, কৃষক দল, শ্রমিক দল সহ সকল অঙ্গ সংগঠনে নেতা কর্মী বৃন্দ উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

র্যালি বের হয়ে পানি উন্নয়ন বোর্ড মাঠে গিয়ে শেষ হয়।

জনতা ব্যাংকের সহকারী মহাব্যবস্থাপক (এরিয়া ইনচার্জ) ও জেলা কৃষি ঋণ কমিটির সদস্য সচিব আশরাফুজ্জামান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মনিরা বেগম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার মন্ত্রণালয়ের উপ-পরিচালক ইয়ারুল ইসলাম, বাংলাদেশ ব্যাংক খুলনার অতিরিক্ত পরিচালক অমর কুমার দাশ,জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আলহাজ্ব সাইদুল করিম মিন্টু,অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) রাজীবুল ইসলাম খান,কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক আজগর আলী, সদর উপজেলা নির্বাহী অফিসার সাদিয়া জেরিন, সদর উপজেলা কৃষি অফিসার জাহিদুল করিম,শৈলকুপা সার্কেলের সহকারী পুলিশ সুপার অমিত কুমার বর্মন,জনতা ব্যাংকের এজিএম মনিরুল ইসলামসহ গন্যমান্য ব্যক্তিবর্গ।

পরে জেলার ২’শত ৬৩ জন কৃষকের মাঝে ৪ কোটি ৫ লক্ষ টাকা কৃষি ঋণ বিতরণ করা হয়। অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) রাজীবুল ইসলাম খান ও জনতা ব্যাংক কর্পোরেট শাখার এজিএম মনিরুল ইসলাম।এসময় জেলার ৩০ টি ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে ডিবি পুলিশের অভিযানে বিপুল পরিমান ভেজাল মধুসহ আটক ৩

তারা পাহাড়ী জনপদের অধিবাসি। চেহার সঙ্গে মিল থাকায় তারা ঝিনাইদহে আস্তানা গেড়ে পাহাড়ী মধু বলে ভেজাল মধু উৎপাদন করছিল। ঝিনাইদহ শহরের পাগলা কানাই এলাকার একটি বাসা ভাড়া নিয়ে এই কারবার চালিয়ে আসছিল বান্দরবন ও কক্সবাজার জেলার তিন যবক। ঝিনাইদহের গোয়েন্দা পুলিশ তাদের পিছু নেয়।

রবিবার দুপুরে বিপুল পরিমাণ ভেজাল মধুসহ তিনজনকে আটক করে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।
আটককৃতরা হলেন বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার মংচাইন তংচংগ্যার ছেলে প্রদীপ তংচংগ্যা, কক্সবাজারের টেকনাফ উপজেলার ক্যয়জছিং চাকমার ছেলে মংলাইগ্য চাকমা ও একই এলাকার মংম্যাচিং চাকমার ছেলে আংলাচিং চাকমা।

ঝিনাইদহ জেলা গোয়েন্দা পুলিশের পরিদর্শক (ওসি) শাহীন উদ্দীন জানান, একটি চক্র পার্বত্য চট্টগ্রাম এলাকা থেকে ঝিনাইদহে এসে রং ও চিনির সঙ্গে কেমিক্যাল মিশিয়ে ভেজাল মধু তৈরী করে বারাজাত করে আসছিলো। এই ভেজাল মধু জেলার বিভিন্ন এলাকায় পাহাড়ী মধু নামে উচ্চ মূল্যে বিক্রি করতো।

রবিবার গোপন সংবাদের ভিত্তিতে ভেজাল মধু তৈরির কারখানায় অভিযান চালিয়ে তাদেরকে বিপুল পরিমাণ ভেজাল মধুসহ আটক করা হয়। তাদের বিরুদ্ধে ঝিনাইদহ সদর থানায় বিশেষ ক্ষমতা আইনে মামলা হয়েছে।

কোটচাঁদপুর পৌরসভার মেয়র সহিদুজ্জামান সেলিমের শো-ডাউন

মটর সাইকেল শো-ডাউন নিয়ে, দীর্ঘ দুই বছর পর আবারও আওয়ামী লীগের রাজনীতিতে সক্রিয় হলেন কোটচাঁদপুর পৌরসভার মেয়র সহিদুজ্জামান (সেলিম) রবিবার বিকেলে শহরে এ শো-ডাউন দেন তিনি।

জানা যায়, গেল ২০২১ সালের ৩০ জানুয়ারি কোটচাঁদপুর পৌরসভার নির্বাচন অনুষ্ঠিত হয়। ওই নির্বাচনে নৌকা প্রার্থীর বিরুদ্ধে বিদ্রোহী প্রার্থী হিসেবে মোবাইল প্রতিক নিয়ে নির্বাচন করেন সহিদুজ্জামান (সেলিম)। এতে করে দলীয় শৃংঙ্গলা ভঙ্গের অভিযোগ উঠে তাঁর বিরুদ্ধে। বহিষ্কৃত হন তিনি।

এরপর থেকে আওয়ামী লীগের সব ধরনের সভা সমাবেশ থেকে নিজেকে বিরত রাখেন তিনি।

গেল ২০২২ সালে ১৭ ডিসেম্বর গনভবনে বাংলাদেশ আওয়ামী লীগের জাতীয় কমিটির সভা অনুষ্ঠিত হয়। ওই সভার সিদ্ধান্ত অনুযায়ী সাধারণ ক্ষমার লিখিত চিঠি পান মেয়র সহিদুজ্জামান (সেলিম)।

এরপেক্ষিতে রবিবার বিকেলে মটর সাইকেল শো-ডাউনের মধ্য দিয়ে আওয়ামী লীগের রাজনীতিতে সক্রিয় হলেন তিনি।

এ সময় শো- ডাউনে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও চেয়ারম্যান শরিফুনেসা মিকি,যুবলীগ সভাপতি মেহেদী হাসান বুলবুল, সাধারন সম্পাদক ও প্যানেল মেয়র সোহেল আরমান,কোটচাঁদপুর পৌর প্যানেল মেয়র (২) ও স্বেচ্ছা-সেবক লীগের আহবায়ক জাহিদ হোসেন, কাউন্সিলর মোঃ রকিব উদ্দিন,সোহেল আল মামুন।
শো-ডাউন উপলক্ষে রবিবার দুপুর থেকে স্থানীয় বালক বিদ্যালয় মাঠে নেতা-কর্মীরা জড়ো হতে থাকেন।

বিকেল ৪ টার সময় মেয়র সহিদুজ্জামান সেলিম আসেন মাঠে। এরপর শ্লোগানে শ্লোগানে মুখরিত শো-ডাউনটি বের বালক বিদ্যালয় থেকে। পরে মিছিল পৌরসভার প্রতিটি সড়ক প্রদর্ক্ষিন শেষে বাজার চত্বরে এসে শেষ হয়।

কোটচাঁদপুরে ১২ বোতল ফেনসিডিল সহ এক জন আটক

১২ বোতল ফেনসিডিল সহ সজিব হোসেন (৩২) কে আটক করেছেন ঝিনাইদহ গোয়েন্দা পুলিশ। তবে পালিয়েছেন ফেন্সিডিলের আরেক মালিক সোহাগ হোসেন। গতকাল শনিবার সন্ধ্যা রাতে কোটচাঁদপুরের মোতালেব মার্কেট থেকে তাকে আটক করা হয়।

ঝিনাইদহ জেলা গোয়েন্দা পুলিশের পুলিশ পরিদর্শক (ওসি) শাহিন উদ্দিন বলেন,জেলা গোয়েন্দা শাখার এক দল পুলিশ গোপন সংবাদে কোটচাঁদপুরের মোতালেব মার্কেটে অভিযান চালান। এ সময় আটক করেন সজিব হোসেনকে। তাঁর কাছ থেকে উদ্ধার করেন ১২ বোতল ফেনসিডিল। সজিব মহেশপুরের মেইন আলামপুরের গোলাম মোস্তফার ছেলে।

ওই সময় পালিয়ে যান কোটচাঁদপুর সোহাগ গার্মেন্টের্সের মালিক ও উদ্ধার হওয়া ফেনসিডিলের আরেক মালিক সোহাগ হোসেন। সে কোটচাঁদপুর পৌরসভার সলেমানপুর গ্রামের আব্দুল মান্নান শেখের ছেলে।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক(এসআই) হারুন অর রশিদ জানান,শনিবার মামলা দিয়েছেন জেলা গোয়েন্দা পুলিশ(ডিবি)। তারা এ মামলার তদন্তকারি কর্মকর্তা। এ কারনে বিষয়টি বিস্তারিত আমার কাছে নাই।

কোটচাঁদপুরে ট্রাক্টরের ধাক্কায় মটর সাইকেল আরোহী মৃত্যুর ঘটনায় থানায় মামলা

ট্রাক্টরের ধাক্কায় মটর সাইকেল আরোহী মৃত্যুর ঘটনায় মামলা হয়েছে কোটচাঁদপুর মডেল থানায়। তবে আটক হয়নি ঘাতক ট্র্যাক্টর ও ড্রাইভার । গতকাল শুক্রবার মৃতের ভাই মহাসিন আলী বাদি হয়ে এ মামলা করেছেন বলে জানিয়েছেন মামলার তদন্ত কর্মকর্ত।

জানা যায়, গতকাল শুক্রবার (০৩-০২-২৩)বেলা ১২ টার সময় উপজেলার গালিমপুর গ্রামের দাস পাড়া মোড়ে মাটি বোঝাই ট্রাক্টরের সঙ্গে ধাক্কা লাগে মটর সাইকেল আরোহী মাহমুদুল ইসলাম (২৫) ও রবি(২৪)। এতে করে গুরুত্বর আহত হন তারা। পরে স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে চিকিৎসক মাহমুদুল ইসলাম (২৫)কে মৃত বলে ঘোষণা দেন আর রবিকে উন্নত চিকিৎসার জন্য যশোর হাসপাতালে রেফার্ড করেন।

পরে পুলিশ মৃত দেহ উদ্ধার করে। ডাক্তার সড়ক দুর্ঘটনায় মৃত্যু হয়েছে বলে নিশ্চিত করায় মরদেহ তার পরিবারের কাছে হস্তান্তর করা হয়। ওই ঘটনায় মৃতের ভাই মহাসিন আলী বাদি হয়ে কোটচাঁদপুর থানায় মামলা করেন।
মামলা নাম্বার -০২,তারিখ-০৩-০২-২৩। ওই মামলায় আসামি করা হয়েছে

ট্রাক্টর ড্রাইভার সমীর হোসেনকে। সে পৌর এলাকার রুদ্রপুর গ্রামের মাঠপাড়ার খলিল উদ্দিনের ছেলে। তবে মামলা হলেও আটক হয়নি আসামি। উদ্ধারও হয়নি ঘাতক ট্রাক্টর টি।

জানা যায়, মাহমুদুল হাসান ছিলেন,জাপান টোবাকো কালিগঞ্জ অফিসের স্টোর কিপার। সে যশোর ঝিকরগাছার গদখালি এলাকার নুরুল ইসলামের ছেলে।

এ ব্যাপারে কোটচাঁদপুর মডেল থানার উপপরিদর্শক (এসআই) ও তদন্ত কর্মকর্তা সিরাজুল আলম বলেন,গতকালের সড়ক দুর্ঘটনার ঘটনায় মৃতের ভাই মহাসিন আলী বাদি হয়ে এক জনের নামে মামলা করেছেন। আসামি ধরতে অভিযান অব্যহত রয়েছে।

কোটচাঁদপুরে মাটি বোঝাই ট্র্যাক্টরের ধাক্কায় নিহত ১

মাটি বোঝাই ট্র্যাক্টরের ধাক্কায় কোটচাঁদপুরে হতাহতের ঘটনা ঘটেছে। শুক্রবার বেলা ১২ টার সময় উপজেলার গালিমপুর নামকস্থানে এ ঘটনা ঘটে। ওই দুই জনের বাড়ি যশোরের ঝিকরগাছা বলে জানা গেছে।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়,কোটচাঁদপুরের গালিমপুর মোড়ে মাটি বোঝাই ট্র্যাক্টরের সঙ্গে ধাক্কা মোটরসাইকেল আরোহীদের এতে গুরুত্বর আহত হয়। স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে চিকিৎসক মাহমুদুল ইসলাম (২৫)কে মৃত বলে ঘোষণা দেন আর রবিকে উন্নত চিকিৎসার জন্য যশোর হাসপাতালে রেফার্ড করেন।

মৃত মাহমুদুল ইসলাম যশোর ঝিকরগাছা গদখালি এলাকার নুরুল ইসলামের ছেলে। আর রবি একই রঘুনাথনগর গ্রামের জহুরুল ইসলামের ছেলে।

সহকর্মী সোহান হোসেন বলেন,মাহমুদুল হাসান ছিলেন,জাপান টোবাকো কালিগঞ্জ অফিসের স্টোর কিপার ও রবি ছিলেন সহকারী স্টোর কিপার। দুই জনই মোটরসাইকেলে করে কোটচাঁদপুর মার্কেটে এসেছিলেন ।

এ সময় দুর্ঘটনায় পতিত হন তারা। খবর পেয়ে আমরা স্বাস্থ্য কমপ্লেক্সে দেখতে এসেছি।

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক রমিজ উদ্দিন (তপু) বলেন, আমরা গুরুতর আহত অবস্থায় দুইজনকে পেয়েছি। এরমধ্যে মাহমুদ হাসান (২৫) কে চিকিৎসা দেওয়ার আগেই মারা যায়। রবি নামের আরেক জন কে আমরা প্রাথমিক চিকিৎসা দিয়ে যশোরে রেফার্ড করা হয়েছে।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) সিরাজুল আলম বলেন,খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে ছিলাম। তবে কাউকে পাওয়া যায়নি। মৃত দেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য পাঠানো হয়েছে।

কোটচাঁদপুর পৌরসভার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার প্রতিবাদে সংবাদ সম্মেলন

প্রকৌশলী কর্তৃক পৌরসভার বিদ্যুৎ বিচ্ছিন্নের প্রতিবাদে শুক্রবার সকাল ১১টায় পৌর ভবনে সাংবাদিক সম্মেলন করা হয়েছে।

কোটচাঁদপুর পৌর মেয়র সহিদুজ্জামান সেলিম সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন। এ সময় পৌর সচিব এনামুল হক প্যানেল মেয়র ও কাউন্সিলরবৃন্দ উপস্থিত ছিলেন।

লিখিত বক্তব্যে সহিদুজ্জামান সেলিম বলেন, আমি দায়িত্বভার গ্রহণের পর জনস্বার্থ ও সরকারের ভাবমূর্তি অক্ষুন্ন রাখতে পৌরভবন, রোড লাইট, পানি সরবরাহসহ নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সেবা নিশ্চিত করতে পূর্বের মেয়রদের আমলের বকেয়া বিল বাবদ ২ কোট ৯০ লক্ষ ৭০ হাজার ৭’শ ১৩ টাকার মধ্য থেকে ২৩ লক্ষ ৬২ হাজার ২’শ ১০ টাকা বকেয়া পরিশোধ করি। পরবর্তীতে আমরা প্রিপেইড মিটারের মাধ্যমে গত ২১ সালের মে মাস থেকে বর্তমান সময় পর্যন্ত ৩৯ লক্ষ ২৮ হাজার ১০ টাকা বিদ্যুৎ বিল দিয়েছি। আমার পরিষদের সময়কালীন কোন বিল বকেয়া up।

স্থানীয় আবাসিক প্রকৌশলী বকেয়া বিল আদায়ের ব্যাপারে আমাদের সাথে যোগাযোগ করলে তাৎক্ষনিক ২ লক্ষ টাকা ও প্রতিমাসে বিলের সাথে ১ লক্ষ টাকা বকেয়া সমন্বয়ের প্রস্তাব দিই। কিন্তু দুঃখজনক হলেও সত্য আবাসিক প্রকৌশলী আমাদের সাথে কোন পরামর্শ না করেই গত বছরের ২৭ ডিসেম্বর পৌর এলাকার ২টি রোড লাইট ও পানির পাম্পের ৩টি লাইন বিচ্ছিন্ন করে দেন। এতে পৌরবাসীর মধ্যে বিরূপ প্রক্রিয়ার সৃষ্টি করে। পৌর মেয়র বলেন, সাবেক মেয়রদের সময়ে বিদ্যুৎ কর্তৃপক্ষ বকেয়া আদায়ে তৎপর না থাকায় এ পরিস্থিতির সৃষ্টি হয়েছে। তিনি এ অবস্থা উত্তোরনের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ও স্থানীয় সরকার মন্ত্রণালয়ের সুদৃষ্টি কামনা করেছেন।

এ ব্যাপারে কোটচাঁদপুর আবাসিক প্রকৌশলী মনোয়ার হোসেন জাহিদ বলেন মন্ত্রণালয়ের নির্দেশে বিদ্যুৎ বিচ্ছিন্ন করা হয়েছে। এতে স্থানীয় কর্তৃপক্ষের কোন হাত নেই।

রাষ্ট্রপতির নিকট থেকে দেশ সেরার পুরস্কার গ্রহন করলো হরিণাকুন্ডুর আইভি

জাতীয় শিশু পুরষ্কার ২০২০ ও ২০২১ সালের প্রতিযোগিতায় উচ্চাঙ্গসংগীত নজরুল গীতিতে ‘খ’ বিভাগে দেশ সেরা হওয়ায় হরিণাকুণ্ডুর শামীমা আক্তার আইভি কে স্বর্ণপদক (পুরস্কার) প্রদান করেণ রাষ্ট্রপতি অ্যাড.মো. আব্দুল হামিদ।

রবিবার (২৯জানুয়ারি) বিকালে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে এই পুরস্কার বিতরণ করা হয়।

পুরস্কার বিতরণ অনুষ্ঠানে রাষ্ট্রপতি পৃথিবীকে শিশুর নিরাপদ আশ্রয়স্থল হিসেবে গড়ে তুলতে এবং জাতি, ধর্ম, বর্ণ, ধনী-গরিব নির্বিশেষে সকল শিশুর ভেতর লুকায়িত পূর্ণ সম্ভাবনার উন্মেষ ঘটাতে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান।

এসময় উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা। এই পুরস্কার বিতরণী অনুষ্ঠান বাংলাদেশ টেলিভিশনে সরাসরি সম্প্রচার করা হয়েছে। শামীমা আক্তার আইভি ঝিনাইদহ জেলার হরিণাকুণ্ডু উপজেলার পারফলসী গ্রামের সহকারী অধ্যাপক বাবুল আক্তার ও মেরিনা মেরি দম্পত্তির কন্যা এবং হরিণাকুণ্ডু সরকারী বালিকা বিদ্যালয়ের নবম শ্রেণীর ছাত্রী।

উল্লেখ, গত ২০ডিসেম্বর ও ২২ডিসেম্বর বাংলাদেশ শিশু একাডেমিতে অনুষ্ঠিত প্রতিযোগিতায় সে এই সাফলতা অর্জণ করে। এছাড়া এই খুদে শিল্পি ২০১৮ এবং ২০১৯ সালেও উচ্চাঙ্গ সংগীতের ‘ক’ বিভাগে জাতীয় পুরষ্কার (স্বর্ণপদক) অর্জণ করেছিল। এই সফলতা অর্জণে তার সংগীত শিক্ষা প্রতিষ্ঠান ঝিনাইদহের ভোর হলো সাংস্কৃতিক বিদ্যালয় ও ওস্তাদ অজয় কুমার দাস এর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছে।